

# 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১৪৭

৩৮/ সালাম (کتاب الأدب) পরিচ্ছেদঃ ২৮. গৃহ নির্মাণ-প্রসংগে।

باب مَا جَاءَ فِي الْبِنَاءِ

### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهُيْرٌ، حَدَّثَنَا عُثْمَانُ بْنُ حَكِيمٍ، قَالَ أَخْبَرَنِي إِبْرَاهِيمُ بْنُ مُحَمَّدِ بْنِ حَاطِبِ الْقُرَشِيُّ، عَنْ أَبِي طَلْحَةَ الأَسَدِيِّ، عَنْ أَنسِ بْنِ مَالِك، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم خَرَجَ فَرَأَى قُبَّةً مُشْرِفَةً فَقَالَ " مَا هَذِهِ " . قَالَ لَهُ أَصْحَابُهُ هَذِهِ لِفُلاَنٍ - رَجُلٍ مِنَ الأَنْصَارِ - . قَالَ فَسَكَتَ وَحَمَلَهَا فِي نَفْسِهِ حَتَّى إِذَا جَاءَ صَاحِبُهَا لِفُلاَنٍ - رَجُلٍ مِنَ الأَنْصَارِ - . قَالَ فَسَكَتَ وَحَمَلَهَا فِي نَفْسِهِ حَتَّى إِذَا جَاءَ صَاحِبُهَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُسَلِّمُ عَلَيْهِ فِي النَّاسِ أَعْرَضَ عَنْهُ صَنَعَ ذَلِكَ مِرَارًا حَتَّى عَرَفَ الرَّجُلُ الْغَضَبَ فِيهِ وَالْإِعْرَاضَ عَنْهُ فَشَكَا ذَلِكَ إِلَى أَصْحَابِهِ فَقَالَ وَاللَّهِ إِنِي حَتَّى عَرَفَ الرَّجُلُ الْغَضَبَ فِيهِ وَالْإِعْرَاضَ عَنْهُ فَشَكَا ذَلِكَ إِلَى أَصْحَابِهِ فَقَالَ وَاللَّهِ إِنِي حَتَّى عَرَفَ الرَّجُلُ الْغَضَبَ فِيهِ وَالْإِعْرَاضَ عَنْهُ فَشَكَا ذَلِكَ إِلَى أَصْحَابِهِ فَقَالَ وَاللَّهِ إِنِي وَلَا لَمُ مِلُولُ اللَّهِ صلى الله عليه وسلم ذَاتَ يَوْمٍ فَلَمْ وَلَمْ فَهَدَمَهَا حَتَّى سَوَّاهَا بِالأَرْضِ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ذَاتَ يَوْمٍ فَلَمْ يُرَاظً قَالَ " أَمَا إِنَّ كُلُّ بِنَاءٍ وَبَالٌ عَلَى صَاحِبِهِ إِلاَّ مَا لاَ إِلاَّ مَا لاَ اللهُ عَلَى مَا لاَ بُدَّ مِنْهُ .

#### বাংলা

৫১৪৭. আহমদ ইবন ইউনুস (রহঃ) ..... আনাস ইবন মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বের হয়ে একটা উঁচু গম্বুজ দেখতে পান। তখন তিনি বলেনঃ এটা কি? তখন তাঁর সাহাবীগণ তাঁকে বলেনঃ এটা অমুক আনসারের বাড়ী। রাবী বলেনঃ এ কথা শুনে তিনি চুপ করে থাকেন, কিন্তু বিষয়টি তিনি মনে রাখেন। এরপর সে লোক যখন নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসে এবং তাঁকে মজলিসে সালাম করে, তখন তিনি কয়েকবার তার থেকে মুখ ফিরিয়ে নেন। এমন কি লোকটি জানতে পারে যে, নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তার প্রতি রাগাম্বিত হয়েছেন ঐ উঁচু গম্বুজ বানানোর কারণে, আর এ জন্যই তিনি তাঁর মুখ ফিরিয়ে নিয়েছেন।

লোকটি এ ব্যাপারে তার বন্ধুদের কাছে অভিযোগ করে এবং বলেঃ আল্লাহ্র কসম! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ



আলাইহি ওয়াসাল্লাম-কে অসম্ভুষ্ট দেখছি। তখন তারা বলেঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন বের হয়ে তোমার বালাখানা দেখেন। (মনে হয় এতে তিনি নাখোশ হয়েছেন।) তখন সে ব্যক্তি ফিরে গিয়ে তা ভেঙে ফেলে, এমনকি তা মাটির সমান করে দেয়।

এরপর একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বের হন এবং সেখানে সে উঁচু গম্বুজ দেখতে না পেয়ে জিজ্ঞাসা করেনঃ সে বাড়ীটি কই? সাহাবীগণ বলেনঃ বাড়ীর মালিক আমাদের কাছে এ ব্যাপারে আপনার অসম্ভৃষ্টির কথা বললে, আমরা তাকে এ ব্যাপারে আপনার অসম্ভৃষ্টির কথা জানিয়ে দেই; ফলে, সে তা ভেঙে ফেলেছে। তখন নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ প্রত্যেক বিলাস-বহুল বাড়ী তার মালিকের জন্য শান্তির কারণ হবে, তবে বসবাসের জন্য যতটুকু প্রয়োজন, এরূপ বাড়ী নির্মাণে কোন ক্ষতি নেই।

## **English**

#### Narrated Anas ibn Malik:

The Messenger of Allah (ﷺ) came out, and on seeing a high-domed building, he said: What is it?

His companions replied to him: It belongs to so and so, one of the Ansar.

He said: he said nothing but kept the matter in mind. When its owner came and gave him a greeting among the people, he turned away from him. When he had done this several times, the man realised that he was the cause of the anger and the rebuff.

So he complained about it to his companions, saying: I swear by Allah that I cannot understand the Messenger of Allah (ﷺ).

They said: He went out and saw your domed building. So the man returned to it and demolished it, levelling it to the ground. One day the Messenger of Allah (ﷺ) came out and did not see it.

He asked: What has happened to the domed building?

They replied: Its owner complained to us about your rebuff, and when we informed him about it, he demolished it.

He said: Every building is a misfortune for its owner, except what cannot, except what cannot, meaning except that which is essential.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন